

৩ ৬ ৬

ক্রাসে হাজিরা না দিয়েও প্রতিবছর বোর্ডের পরীক্ষা দেয় অসংখ্য ছাত্র-ছাত্রী

রেজানুর রহমান। নিয়ম থাকা সত্ত্বেও দেশের অধিকাংশ স্কুল-কলেজের ক্রাসে ছাত্র-ছাত্রীদের হাজিরার বিষয়টি মোটেও গুরুত্ব পাচ্ছে না। শুধু তাই নয়, নির্ধারিত সিলেবাস সম্পন্ন করার ক্ষেত্রেও অধিকাংশ স্কুল, কলেজ, মাদ্রাসায় কোন জবাবদিহিতা নেই।

ক্রাসে হাজিরার হার শতকরা ৮০ ভাগ নির্ধারণ করা হলেও অধিকাংশ স্কুল-কলেজে তা হয়ে আছে উপেক্ষিত। সারাবছর ক্রাসের সাথে সম্পর্ক না রেখেও অনেক ছাত্র-ছাত্রী বার্ষিক পরীক্ষা দিচ্ছে। বছরের পর বছর ধরে (১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

ক্রাসে হাজিরা (শেষ পৃষ্ঠায় পর)

চলছে এই অবস্থা। পরিস্থিতি নিয়ন্ত্রণে করার কোন আন্তরিক উদ্যোগ নেই।

ক্রাসের হাজিরা নিশ্চিত করার জন্য নিয়ম করা আছে যে, কোন ছাত্র-ছাত্রী শতকরা ৮০ ভাগ ক্রাসে উপস্থিত না থাকলে বছরশেষে পরীক্ষায় অংশ নিতে পারবে না। কিন্তু অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মটি গুরুত্ব পাচ্ছে না। কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে এমন দৃশ্য দেখা যায়, ক্রাস চলছে অথচ ছাত্র-ছাত্রীদের কেউ কেউ আড্ডা দিচ্ছে কেবলমাত্র অথবা ক্যাফেটেরিয়ায় অথবা মিছিলে-সমাবেশে গ্লোগান দিচ্ছে, বক্তৃতা করছে। না হয় শ্রেফ আড্ডা মারছে। আবার এমনও হচ্ছে ইচ্ছে করেই অনেকে ক্রাসে হাজিরা দেয় না। ক্রাসের সাথে সম্পর্ক রাখে না। ক্রাস টিচারের সাথে পরিচয় নেই এমন ছাত্রও বছর শেষে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাচ্ছে। নাম প্রকাশে অনিচ্ছুক মফস্বলের একটি কলেজের জৈনিক শিক্ষক জানালেন তার অভিজ্ঞতার কথা। তার মতে, শ্রেণীকক্ষে হাজিরা দেয়া তো দূরের কথা টেক্সট পরীক্ষায় অংশ না নিয়েও অনেক ছাত্র-ছাত্রী এস এস সি, এইচ এস সি পরীক্ষা দিচ্ছে। বোর্ডে ফরম ফিলআপের সময় অসংখ্য নতুন মুখ চোখে পড়ে। ওরা ভীড় করে ফরম ফিলআপ করে। নির্দিষ্ট কলেজের ছাত্র-ছাত্রী পরিচয়ে পরীক্ষা দেয়। এটা ওপেন সিস্টেম।

ক্রাসের হাজিরা নিশ্চিত করার মত নির্ধারিত সিলেবাস সম্পন্ন করার ক্ষেত্রেও দেশের অনেক শিক্ষা প্রতিষ্ঠানে কোন ভাড়া নেই। সিলেবাস সম্পন্ন করা হল কিনা এ ব্যাপারে জবাবদিহিতা করার উদ্যোগও নেই। অতীতে স্কুল অথবা কলেজ ইন্সপেক্টরবৃন্দ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আকস্মিক পরিদর্শনে যেতেন। এখন কোন পরিদর্শন কার্যক্রম নেই। কারণ শিক্ষা প্রতিষ্ঠান বৃদ্ধি পেলেও ইন্সপেক্টর পদের সংখ্যা বৃদ্ধি পায়নি। ঢাকা শিক্ষা বোর্ডে রয়েছে মাত্র ১০ জন স্কুল-কলেজ ইন্সপেক্টর। তারা পরিদর্শন কার্যক্রমের প্রতি তেমন আন্তরিক নন। অভিজ্ঞ মহলের মতে, বোর্ডের পরীক্ষাসমূহে নকল প্রতিরোধ করতে হলে শ্রেণীকক্ষে হাজিরা ও পড়াশুনার পরিবেশ নিশ্চিত করা এবং নির্ধারিত সিলেবাস সম্পন্ন করার বিকল্প নেই।